নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University: NSTU
Noakhali-3814

Phone : 321-62788
Fax : 880-321-62788
Mobile : 01798039406
E-mail : nstu stat@gmail.com
Website : www.nstu.edu.bd

পরিসংখ্যান বিভাগ
Department of Statistics

তারিখ: ১৩/১০/২০২৬

স্মারক নং/নোবিপ্রবি/পরিসংখ্যান- এম,এস,সি/২০২৬/ ২৯৬৮

স্নাতকোত্তর (মাস্টার্স) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর (মাস্টার্স) (Master of Science) এ ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীরা অফিস চলাকালীন সময়ে বিভাগীয় অফিস থেকে আগামী ১৪ অক্টোবর, ২০২৬ থেকে ১৭ নভেম্বর, ২০২৬ তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে পারবে। আবেদন ফরমের মূল্য ১০০০/- (এক হাজার) টাকা এবং বিবিধ ১০ (দশ) টাকা। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তির তালিকা প্রকাশ করা হবে। ভর্তির সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি জমা দিতে হবে।

ডিগ্রী : মাস্টার্স অব সায়েন্স ইন স্টাটিসটিক্স।
ডিগ্রী সময়কাল: ১ বছর (থিসিস এবং নন-থিসিস উভয় গ্রুপ এর জন্য প্রযোজ্য)

ভর্তির যোগ্যতা:

১। প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/সমমানের ডিগ্রীধারী হতে হবে।
২। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে সিজিপিএ ২.২০ থাকতে হবে বহিঃস্থ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে সিজিপিএ ৩.০০ থাকতে হবে। সকল প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে (তারিখ পরবর্তীতে জানানো হবে)।
৩। যে সকল ছাত্র-ছাত্রী ১৭৪ ক্রেডিট সম্পন্ন করতে পারে নাই সে সকল ছাত্র-ছাত্রী ভর্তির আবেদন করতে পারবে। তবে শর্ত থাকে যে, স্পেশাল পরীক্ষার ফলাফলের পর তাদের ১৭৪ ক্রেডিট সম্পন্ন না হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে (শুধুমাত্র নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)।
৪। বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী পূর্বে কোন সেমিস্টারে ভর্তিকৃত কিনা, চাকুরীরত কিনা ইত্যাদি বিষয়ে যাচাই-বাছাই পূর্বক সুপারিশকৃত প্রার্থীদের কে ভর্তি করানো হবে।
৫। অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
৬। ডাকে পাঠানো আবেদন গ্রহণযোগ্য নয়।

আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

১। শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/মার্কশীট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
২। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র।
৩। ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত সাম্প্রতিক ছবি।
৪। চাকুরিরত প্রার্থীকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে ক্লাশে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য দুই সেমিস্টার ব্যাপি অর্থাৎ ১২ (বার) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।
৫। ভর্তি ফরম ক্রয়ের রশিদ এর ফটোকপি সংযুক্ত করতে হবে।

ধন্যবাদান্তে

Najma 13/10/26

Dr. Najma Begum
Chairman
Department of Statistics
Noakhali Science & Technology University
Noakhali-3814

ড. নাজমা বেগম
সভাপতি, এম এস সি ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২৪-২৫) এবং
সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান
পরিসংখ্যান বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

অনুলিপি :

১। ডিন, সায়েন্স ফ্যাকাল্টি, নোবিপ্রবি।
২। রেজিস্ট্রার, নোবিপ্রবি।
৩। হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।
৪। পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি (প্রিন্ট মিডিয়া এবং সোশাল মিডিয়ায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)।
[illegible] নোবিপ্রবি (বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।